উপজেলা পরিষদ

কলারোয়া, সাতক্ষীরা।

# অক্টোবর, ২০২১ মাসের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী:

অধিবেশন নং- ২৭/২০২১

সভাপতি : জনাব আমিনুল ইসলাম লালটু
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কলারোয়া, সাতক্ষীরা।

সভার তারিখ : ১৪-১০-২০২১খ্রিঃ

সভার সময় : দুপুর-১২.০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি ও অনুপস্থিত সদস্যগণের তালিকা : পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় এবং কারো কোন আপত্তি না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

আলোচ্য বিষয় :

পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কারো কোন সংশোধনী বা সংযোজন বা আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ও অনুমোদিত হয়।

## আলোচ্য বিষয় : ০২

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **স্থায়ী (উপজেলা) কমিটির সভা সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্থায়ী (উপজেলা) কমিটিগুলো পুনর্গঠন করা হয়েছে এবং কমিটিগুলোরও নিয়মিত সভা অনুষ্ঠিত হচ্ছে । নিয়মিত সভা করে তার কার্যবিবরণী প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | ১) স্থায়ী (উপজেলা) কমিটিগুলোকে প্রতি দুই মাসে নূন্যতম একবার সভা করে কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হয়। | ১) সভাপতি, স্থায়ী (উপজেলা) কমিটি (সকল)<br>২) সদস্য সচিব, স্থায়ী (উপজেলা) কমিটি (সকল)। |

## আলোচ্য বিষয় : ০৩

বিভিন্ন দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা :

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান বর্তমান সময়ে করোনা পরিস্থিতির মধ্যে তারা সঠিকভাবে কাজ করে যাচ্ছে। করোনা ভাইরাসের টীকা প্রদানের কার্যক্রম অদ্যবধি চলমান রয়েছে। প্রত্যেককে রেজিস্ট্রেশন করতে হবে। প্রতিদিনই করোনা রোগীর পরীক্ষা করা।তিনি করোনা রোগীদেরকে করোনা পরীক্ষা করানোর জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন এবং স্থানীয় জনগনকে উদ্বুদ্ধ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন। | ১) কলারোয়া হাসপাতালে ভ্যাকসিন টীকা দেয়ার জন্য সকলকে রেজিস্ট্রেশন করতে হবে এবং উল্লিখিত বিষয়ে জনগণকে উদ্বুদ্ধকরার জন্য সকল ইউপি চেয়ারম্যান/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়। | ১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কলারোয়া।<br>২) চেয়ারম্যান, সকল ইউপি, কলারোয়া । |
| ০২ | **উপজেলা প্রাণি সম্পদ দপ্তর :** উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কাজে কোন সমস্যা নেই। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি মৌসুমে গবাদি পশু ও হাঁস মুরগী পালনে/ভাইরাস প্রতিরোধে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে এবং অন লাইনে চিকিৎসা প্রদান করা হচ্ছে। অন্যান্য কার্যক্রমসহ দাপ্তরিক কার্যক্রম সাভাবিকভাবে চলছে। | বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১) উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কলারোয়া, সাতক্ষীরা। |
| ০৩ | **উপজেলা কৃষি দপ্তর :** উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি উপকরণ সহায়তায় রবি/২০২১-২০২২ মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসূচী বাস্তবায়নের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বিভাগীয় কার্যক্রমে কোন সমস্যা নেই । | বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, কলারোয়া, সাতক্ষীরা। |
| ০৪ | **উপজেলা প্রকৌশলীর দপ্তর :** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় কমিটি গঠন পূর্বক কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং পূর্বের প্যাকেজগুলির কাজ সমাপ্ত হয়েছে। কাজের মান সন্তোষজনক। | বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। মাধ্যমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকৌশলী কলারোয়া, সাতক্ষীরা। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **উপজেলা মৎস্য দপ্তর :** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, কলারোয়া উপজেলায় ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় কার্যক্রম গ্রহণসহ দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলমান আছে। | ১) সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কলারোয়া। |
| ০৬ | **উপজেলা সমাজসেবা দপ্তর :** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বিভাগীয় কাজে কোন সমস্যা নেই, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমাজসেবা অফিসের বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, কলারোয়া, সাতক্ষীরা। |
| ০৭ | **পরিবার পরিকল্পনা দপ্তর :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার এর প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর বিভাগের অক্টোবর,২০২১ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন। অন্যান্য কার্যক্রমসহ দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলমান আছে। | পরিবার পরিকল্পনা বিভাগের গৃহীত কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কলারোয়া, সাতক্ষীরা |
| ০৮ | **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের বিভাগীয় কাজে কোন সমস্যা নেই, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কলারোয়া,সাতক্ষীরা। |
| ০৯ | **জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর :** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে, বিভাগীয় কাজে কোন সমস্যা নেই। বিভাগীয় উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য), কলারোয়া |
| ১০ | **উপজেলা শিক্ষা দপ্তর :** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, কলারোয়া। |
| ১১ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয়/দাপ্তরিককার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলারোয়া। |
| ১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় যে, বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ০১) বিভাগীয়/দাপ্তরিককার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কলারোয়া। |
| ১৩ | **উপজেলা সমবায় দপ্তর :** উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, কলারোয়া উপজেলায় চলতি বছরে কোন প্রকল্প গ্রহণ করা হয়নি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার, কলারোয়া। |
| ১৪ | **উপজেলা যুব উন্নয়ন দপ্তর :** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কলারোয়া। |
| ১৫ | **উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর :** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ১) বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কলারোয়া,সাতক্ষীরা |
| ১৬ | **আমার বাড়ি আমার খামার প্রকল্প দপ্তর :** উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প সভায় জানান যে, , তাঁর বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ঋণ আদায়ের হার অব্যাহত রাখতে হবে। | ১) উপজেলা সমন্বয়কারী আবা আখা প্রকল্প, কলারোয়া,সাতক্ষীরা |
| ১৭ | **পল্লী দারিদ্র বিমোচন দপ্তর :** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার জানান যে, ঋণ বিতরণ এবং আদায় যথারীতি চলছে। আদায় কার্যক্রম সন্তোষজনক। অন্যান্য ঋণ কর্মসূচির কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | ১) ঋণ আদায়ের হার অব্যাহত রাখতে হবে। | ১) সিনিয়র উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, কলারোয়া। |
| ১৮ | **উপজেলা বন বিভাগ :** ফরেষ্টার, সামাজিক বনায়ন, কলারোয়া সভায় জানান যে, তাঁর বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১) বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১) ফরেষ্টার, বন বিভাগ, কলারোয়া |
| ১৯ | **পল্লী বিদ্যুৎ বিভাগ :** ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কলারোয়া জানান যে, উপজেলাকে ১০০% বিদ্যুতায়িত উপজেলা হিসেবে ঘোষণা করা হয়েছে। তবে কোন গ্রাহক যদি বাদ পড়ে থাকেন তবে আবেদন করলে দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদান করা যাবে। কিছু কিছু অফিস ও জনসাধারণ নির্দিষ্ট সময়ের মধ্যে বিদ্যুৎ বিল পরিশোধ করেন না। তিনি এ বিষয়ে সভাপতি, মেয়রসহ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন। | ১) কোন গ্রাহক যেন বাদ না পড়ে তা নিশ্চিত করতে হবে।<br>২) সঠিক সময়ে যাতে প্রত্যেক অফিস ও জনগন বিদ্যুৎ বিল পরিশোধ করেন সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১)ডেপুটি জেনারেল ম্যানেজার, পবিস, কলারোয়া জোনাল অফিস। |
| ২০ | **পৌরসভার কার্যক্রম :** সভায় মেয়র জানান যে, পৌরসভার কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | ১) বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১) মেয়র, কলারোয়া পৌরসভা, কলারোয়া। |

| | | | |
|---|---|---|---|
| | ০১) সদস্য-সচিব, সভায় জানান যে, প্রায়ই লক্ষ্য করা যায় উপজেলা পরিষদের ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়না। ০২) উপজেলা পরিষদের ক্যাম্পাসের রাস্তা সংস্কার করা হয়েছে।তবে উপজেলা পরিষদের ক্যাম্পাসের রাস্তার পর্যাপ্ত লাইটিং এর ব্যবস্থা করা হয়নি। | ২) উপজেলা পরিষদের ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে। ৩) উপজেলা পরিষদের ক্যাম্পাসে লাইটিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২১ | ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম : ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, কোভিড-১৯ এর কারণে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পাঁচ ওয়াকত নামাজ মসজিদে সামাজিক দূরত্ব বজায় রেখে পালন করা হচ্ছে। তিনি বিষয়টি তদারকী/নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১) সকল মসজিদে সামাজিক দূরত্ব বজায় রেখে পাঁচ ওয়াকত নামাজ পালন করার জন্য সকল মসজিদের ইমামকে অবহিত করার পরামর্শ প্রদান করেন। | ১) ইসলামিক ফাউন্ডেশন ২) চেয়ারম্যান,সকল ইউপি |
| ২২ | বি এ ডিসি এর কার্যক্রম : সভায় সংশ্লিষ্ট কর্মকর্তা অনুপস্থিত। কোন কার্যক্রমের বিষয়ে আলোচনা হয়নি। | বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, বি এ ডি সি কলারোয়া।. |
| ২৩ | ফায়ার সার্ভিস এর কার্যক্রম: সভায় স্টেশন কর্মকর্তা ফায়ার সার্ভিস, কলারোয়া জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলাছে।তবে একটি টিউবওয়েল অতীব জরুরী প্রয়োজন। | সভায় আলোচনান্তে মেয়র, কলারোয়া পৌরসভাকে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) মেয়র, কলারোয়া পৌরসভা ২) স্টেশন কর্মকর্তা ফায়ার সার্ভিস, কলারোয়া |
| ২৪ | তথ্য আপা (২য় পর্যায়) প্রকল্পের কার্যক্রম: সভায় সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১) বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১) তথ্য আপা, কলারোয়া |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১০/২০২১

(আমিনুল ইসলাম লাল্টু)
চেয়ারম্যান উপজেলা পরিষদ
কলারোয়া, সাতক্ষীরা।
ফোন-০৪৭২৪-৭৫৩৮৪(অফিস)
ই-মেইল: laltuislam87@gmail.com

স্মারক নং-৪৬.৪৪.৮৭৪৩.০০০.০১১.০২-২১- ১০৮৯

তারিখ : ২৭অক্টোবর, ২০২১খ্রি:।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে /কার্যার্থে। (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

(০১) জনাব এ্যাড. মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ সদস্য, ১০৫ সাতক্ষীরা-১।
(০২) জেলা প্রশাসক, সাতক্ষীরা।
(০৩) মেয়র, কলারোয়া পৌরসভা, সাতক্ষীরা।
(০৪) ভাইস-চেয়ারম্যান (পুরুষ)/ ভাইস-চেয়ারম্যন (মহিলা), উপজেলা পরিষদ, কলারোয়া, সাতক্ষীরা।
(০৫) উপজেলা ........................................... অফিসার (সকল), কলারোয়া, সাতক্ষীরা।
(০৬) চেয়ারম্যান, ....................................... ইউনিয়ন পরিষদ (সকল), কলারোয়া, সাতক্ষীরা।
(০৭) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সাতক্ষীরা।
(০৮) ডেপুটি জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, কলারোয়া জোনাল অফিস, সাতক্ষীরা।
(০৯) স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, কলারোয়া, সাতক্ষীরা।
(১০) উপ সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ)/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কলারোয়া, সাতক্ষীরা।
(১১) তথ্য সেবা কর্মকতা, উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপা(২য় পর্যায়) প্রকল্প, কলারোয়া, সাতক্ষীরা।
(১২) জনাব ......................................................................... কলারোয়া, সাতক্ষীরা।

২৭/১০/২০২১

(জুবায়ের হোসেন চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
কলারোয়া, সাতক্ষীরা।
ফোন-০৪৭২৪-৭৫৩০১(অফিস)
ই-মেইল: unokalaroa@mopa.gov.bd